

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২৮, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ ফাল্গুন ১৪২১ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিস্টাব্দ

নং ২৫.০৩২.১৪.০০.০০.০০৯.২০১৫-৫৪—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইন্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০, তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয় ;

২। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন, ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইন্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল, ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

৩। পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ২৫ আগস্ট ২০১৪ তারিখে অনুষ্ঠিত ৫ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা জেলার কেরানীগঞ্জ থানাধীন নাইয়াটোলা, হাজারীবাগ, দোলেশ্বর, আইত্তা, বেয়ারা, আড়াকুল, বীরবাইঘর, মোটবাড়ী, পূর্ব বাইঘর, পানগাঁ, ব্রাহ্মণসাঁও, কাটুরাইল, বাজা ও কোন্ডা মৌজায় অবস্থিত ইস্ট ওয়েস্ট প্রপার্টি ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ এর প্রস্তাবিত বসুন্ধরা

(৫৯৯৯)

মূল্য : টাকা ৪.০০

রিভারভিউ প্রকল্পের ভূমি ব্যবহার নিম্নলিখিত শর্তে আরবান রেসিডেন্সিয়াল জোন হিসেবে পরিবর্তনের বিষয়ে অনুমোদন করা হয়, যা এতদ্বারা প্রকাশ করা হলো :

শর্ত : ১. প্রকল্পের Hydrological Modelling এর মাধ্যমে ভরাট খালগুলোর প্রশস্ততা নির্ধারণপূর্বক খাল ও জলাশয় পুনরুদ্ধার (Retrieve) করতে হবে।

২. স্থানীয় ভিত্তিতে প্রকল্পের নিজস্ব পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা সংযোজন করতে হবে।

৩. BIWTA এর নীতিমালা অনুযায়ী বুড়িগঙ্গা নদীর Foreshore এর জায়গা সংরক্ষণ করতে হবে।

৩. প্রকল্পের EIA ও TIA সম্পাদনপূর্বক সুপারিশসমূহ প্রতিপালন করতে হবে।

৪। উল্লেখ্য, ইস্ট ওয়েস্ট প্রপার্টি ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ এর বসুন্ধরা রিভারভিউ প্রকল্পের আবেদনে উল্লিখিত ভূমির তফসিল ও সীমানা চিহ্নিত নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে। উল্লিখিত ভূমির শ্রেণী পরিবর্তনের বিষয়ে জমির দাগভিত্তিক অবস্থান রাজউক পরীক্ষা-নিরীক্ষা করে বিধি-বিধানের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত শর্ত প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোছাদ্দেক
সিনিয়র সহকারী প্রধান